



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিস
বগুড়া।

www.dpe.bogra.gov.bd



জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সভা

সভাপতি : মোঃ আসাদুজ্জামান চৌধুরী, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া।

তারিখ : ১০/০৭/২০২৩খ্রিঃ

সময় : সকাল ১০.০০ টা

স্থান : জেলা প্রাথমিক শিক্ষা অফিস কক্ষ, বগুড়া।

ক্রমিক নং	উপস্থিত সদস্যবৃন্দের নাম ও ঠিকানা	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	মোঃ আসাদুজ্জামান চৌধুরী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বগুড়া।	আহবায়ক	 ২০/৭/২০২৩
০২	মোঃ জাভেদ আখতার সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বগুড়া।	সদস্য	 ২০/৭/২০২৩
০৩	গোলাম আসাদুজ্জামান সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বগুড়া।	সদস্য সচিব	 ২০/৭/২০২৩

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিস্তারিত আলোচনা করার জন্য কমিটির সদস্য সচিব জনাব গোলাম আসাদুজ্জামান, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া অনুরোধ করেন। এরপর নিম্নোক্ত বিষয়ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	নিয়মিত সভার আয়োজন	প্রতি তিন মাসে কমপক্ষে একবার নৈতিকতা কমিটির সভা, মাসিক সমন্বয় সভার আলোচ্য সূচীতে জাতীয় শুদ্ধাচার কৌশল আন্তর্ভুক্তকরণ, সচেতনতা বৃদ্ধিমূলক সভা, অংশীজনের সভা করার বিষয়ে আলোচনা হয়।	আলোচনান্তে প্রতি তিন মাসে কমপক্ষে একবার নৈতিক কমিটির সভা, মাসিক সমন্বয় সভার আলোচ্য সূচীতে জাতীয় শুদ্ধাচার কৌশল আন্তর্ভুক্তকরণ, সচেতনতা বৃদ্ধিমূলক এবং অংশীজনের সভা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সদস্য সচিব ও সভাপতি
০২	স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে করণীয়	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, বগুড়া আওতাধীন সকল অফিস ও বিদ্যালয়সমূহের সকল কর্মচারী ও শিক্ষকদের স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে এ দশের কর্তৃক প্রেরিত ২৫ দফা নির্দেশনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে তা অনুকরণ ও অনুসরণপূর্বক প্রতিটি ক্ষেত্রের গুরুত্বানুসারে একযোগে কাজ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল
০৩	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	২০২৩-২৪ অর্থ বছরে গৃহীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক জেলা প্রাথমিক শিক্ষা অফিস এর আওতাধীন সকল অফিস ও বিদ্যালয়সমূহে কাজ করতে হবে মর্মে বিস্তারিত আলোচনা হয়।	বগুড়া জেলার সকল অফিস ও বিদ্যালয়গুলো কে তাঁদের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক সংশ্লিষ্ট অধিক্ষেত্রে একযোগে সকলকে কাজ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার ও প্রধান শিক্ষক
০৪	উপজেলা শিক্ষা অফিস এবং বিদ্যালয় সমূহে নিয়মিত সভার আয়োজন করা	উপজেলা শিক্ষা অফিস এবং বিদ্যালয় সমূহে নিয়মিত সভা হচ্ছে কিনা তা নিশ্চিত হওয়া যাচ্ছে না। ইতোপূর্বেও উপজেলা শিক্ষা অফিসে নির্দেশনা	এখন থেকে বগুড়া জেলার সকল উপজেলা শিক্ষা অফিস এবং বিদ্যালয় হতে বাধ্যতামূলকভাবে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত	উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার ও প্রধান শিক্ষক

	থাকা সত্ত্বেও এবং বিদ্যালয়ে কোন নোটিশ বা রেজুলেশন পাওয়া যাচ্ছে না। বিধয় বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	নৈতিকতা কমিটির সভার নোটিশ এবং সভা শেষে রেজুলেশন জেলা প্রাথমিক শিক্ষা অফিস পাঠাতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	
--	--	---	--

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আসাদুজ্জামান চৌধুরী
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার

ও

আহবায়ক


জাতীয় শুদ্ধাচার কৌশল নৈতিকতা কমিটি
বগুড়া।

স্মারক নং: জেপ্রাশিঅ/বগ/২০২৩/

তারিখ:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ হলো :

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ উপপরিচালক (সংস্থাপন)
- ২। বিভাগীয় উপপরিচালক প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩। উপজেলা শিক্ষা অফিসার, সকল, বগুড়া।
- ৪। প্রধান শিক্ষক..... সপ্রাবি, বগুড়া।
- ৫। অফিস কপি।



গোলাম আসাদুজ্জামান

সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

জাতীয় শুদ্ধাচার কৌশল নৈতিকতা কমিটি
বগুড়া।